

১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়  
[www.ptd.gov.bd](http://www.ptd.gov.bd)

দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগোষ্ঠিকে তথ্য প্রযুক্তির আওতায় আনয়ন এবং 'ডিজিটাল ডিভাইড' দূরীকরণের লক্ষ্যে ডাক বিভাগের ৮৫০০ পোস্ট অফিসকে Post e- Centre এ রূপান্তরের কাজ চলছে। এর ফলে জনগণ ডাক বিভাগের দৈনন্দিন কার্যক্রমের পাশাপাশি উক্ত e- Centre এ তথ্য প্রযুক্তির সুবিধা ভোগ করতে পারবে। দেশের প্রতিটি ইউনিয়নে দ্রুত গতির ইন্টারনেট পৌঁছে দেওয়ার লক্ষ্যে Optical Fiber স্থাপনের কাজ চলছে। এতে গ্রাম পর্যায়ে জনগণ Broadband Internet ব্যবহার সুবিধা প্রাপ্ত হবে।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মধ্যে পারস্পরিক কাজের সমন্বয় এবং সৌহার্দ বৃদ্ধির লক্ষ্যে একটি ফোরাম গঠন করা হয়েছে। ফোরামে নিয়মিত আলোচনার মাধ্যমে আন্তঃসংস্থাসমূহের বিভিন্ন বিষয় নিষ্পত্তি হওয়ার ফলে কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

মোবাইল ফোনের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের জনসাধারণকে m-education, m-health, m-agriculture, m-commerce এবং m-banking সহ বিভিন্ন সেবা সহজে এবং সুলভে প্রদান করা হচ্ছে। ২০১৪ সালে এসএসসি ও এইচএসসি পর্যায়ে ৩০ লক্ষ পরীক্ষার্থী এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফলাফল পেয়েছেন। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক বিসিএস পরীক্ষার জন্য অনলাইন-এর মাধ্যমে আবেদন জমা, ফি গ্রহণ এবং এসএমএস-এর মাধ্যমে ফলাফল প্রদান করা হচ্ছে। পূর্বের বছরগুলির ন্যায় বর্তমানে ৩৫তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল এসএমএস-এর মাধ্যমে প্রদানের প্রক্রিয়া শুরু হয়েছে। টেলিটক-এর এসএমএস-এর মাধ্যমে সরকারি বিশ্ববিদ্যালয় এবং কলেজসহ মোট ৮৮৫ টি প্রতিষ্ঠানের প্রায় ৩৬ লক্ষ ছাত্র-ছাত্রী ২০১৪ সালে প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার আবেদন ফরম পূরণ ও ফি প্রদান করেছে। এ ছাড়া, অনলাইনে প্রবেশপত্র বিতরণ, এসএমএস-এর মাধ্যমে আসন বিন্যাস এবং ফলাফল প্রকাশ করা হয়েছে।

উত্তম চর্চার অংশ হিসেবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীবৃন্দ-কে সরকার প্রদত্ত সাজ-পোশাক সঠিকভাবে পরিধান সরকারী দায়িত্ব যথাযথভাবে সম্পাদন ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদানের লক্ষ্যে সপ্তাহে ০১ দিন ড্রিল করানোর বিষয়ে অচিরেই ব্যবস্থা গ্রহণ করা হবে। এতে কর্মচারীবৃন্দ তাদের দায়িত্ব পালনে অধিকতর সচেতন হবেন এবং তাদের কোন সমস্যা থাকলে উক্ত ড্রিলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টিতে আনতে পারবেন।